

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭৬

আগরতলা, ২০ জুন, ২০২৪

### নতুনটিলা অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস

উনকোটি জেলার জগন্নাথপুর আয়ুষ্মান আরোগ্য মন্দিরের অন্তর্গত নতুনটিলা অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সম্প্রতি গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবস পালন করা হয়। এ উপলক্ষে এক স্বাস্থ্য শিবিরেরও আয়োজন করা হয়। গ্রামীণ স্বাস্থ্য ও পুষ্টি দিবসের কর্মসূচিতে স্বাস্থ্য বিষয়ক সচেতনতামূলক আলোচনা করা হয়। অনুষ্ঠানে যক্ষ্মা, ডায়েরিয়া ও ম্যালেরিয়া প্রতিরোধের উপায়, ঔষধযুক্ত মশারি ব্যবহারের প্রয়োজনীয়তা, জেএসওয়াই, জেএসএসকে, পরিবার পরিকল্পনা ও সঠিক সময়ে সম্পূর্ণ টিকাকরণ নিয়ে আলোচনা করা হয়। অনুষ্ঠানে ১৬ জন শিশু ও ১২ জন মা উপস্থিত ছিলেন। স্বাস্থ্য শিবিরে ৩০ জন এলাকাবাসী চিকিৎসা পরিষেবার সুযোগ গ্রহণ করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*